নগরীতে মডার্নার টিকার বিশেষ কর্মসূচী শুরু আজ

স্টাফ রিপোর্টার : নগরীতে করোনা টিকার ৫ দিনের বিশেষ কর্মসূচী শুরু করছে সিসিকের স্বাস্থ্যবিভাগ। আজ শনিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত নগরীতে ১ম ডোজ হিসেবে সবাইকে দেয়া হবে মডার্নার টিকা। নিবন্ধিতদের মধ্যে যারা এসএমএস পেয়েছেন কিংবা এসএমএস পান নি সবাই প্রতিদিন সকাল ৯টা থেকে বেলা আড়াইটা পর্যন্ত ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল কেন্দ্রে গিয়ে টিকার ১ম ডোজ গ্রহণ করতে পারবেন। যারা এখনো নিবন্ধন করেন নি তারাও স্বাস্থ্য অধিদফতরের সুরক্ষা (www.surokkha.gov.bd) এপসে গিয়ে নিবন্ধন করে বৃহস্পতিবারের মধ্যে টিকা নিতে পারবেন।
সিলেট সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা: জাহিদুল ইসলাম বলেন, আগামী ২৬ ফেব্রুয়ারীর পর দেশে করোনা টিকার ১ম ডোজের কার্যক্রম বন্ধ করে দেয়া হবে। এজন্য আমরা নগরীর বাদ পড়া সবাইকে টিকার আওতায় নিয়ে আসতে বিশেষ কর্মসূচী হাতে নিয়েছি। নগরীর অনেক বাসিন্দা ১ম ডোজ হিসেবে সিনোভ্যাকের টিকা নিতে চান না। তাই আমরা নগরবাসীর জন্য মডার্নার ব্যবস্থা করেছি। সারাদেশে যখন ১ম ডোজ হিসেবে সিনোভ্যাক চলছে সেখানে আমরা সিলেটবাসীর জন্য বিশেষ সুযোগ সৃষ্টি করে দিয়েছি। আমাদের প্রত্যাশা তবুও সবাই যেনো টিকা গ্রহণ করেন। ১৯ ফেব্রুয়ারী থেকে ২৪ ফেব্রুয়ারী পর্যন্ত এই সুযোগ চলমান থাকবে। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২১ ফেব্রুয়ারী সরকারী ছুটি থাকায় এদিন টিকা কার্যক্রম বন্ধ থাকবে। বৃহস্পতিবারের পর মডার্নার ১ম ডোজ গ্রহণের আর সুযোগ থাকবেনা।
তিনি জানান, নগরীতে এর আগে যারা ফাইজারের ১ম ডোজ টিকা গ্রহণ করেছেন এবং তাদের ২য় ডোজের নির্ধারিত সময় হয়েছে কিন্তু এখনো ২য় ডোজ গ্রহণ করেননি তারা আজ শনিবার ও আগামীকাল রোববার ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল কেন্দ্রে স্বাস্থ্যবিধি অনুসরণ করে টিকা গ্রহণ করতে পারবেন। এরপর থেকে ফাইজারের টিকাদান বন্ধ থাকবে।